দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৬....

NOV. 04 2002



শিক্ষক স্বপন গোস্বামী হত্যাকাণ্ড

# স্কুল ছাত্র জনি গ্রেফতার

ইত্তেফাক রিপোর্ট ৷ মহানগর গোয়েন্দা পুলিশের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মোঃ কোহিনুর মিয়ার নেতৃত্বে একদল পুলিশ গত শনিবার দিবাগত গভীর রাতে মিরপুর এলাকায় তল্লাশী চালিয়ে গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলের সহকারী শিক্ষক স্বপন কুমার গোস্বামী হত্যাকাণ্ডে জড়িত মাহমুদ হাসান ভূঁইয়া ওরফে জনিকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত জনি ডিবি পুলিশকে জানায় (২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## স্কুলছাত্র জনি

(প্রথম পৃষ্ঠার পর)

সে শিক্ষক স্বপন কুমার গোস্বামী হত্যাকাণ্ডের প্রধান আসামী জিন্নুর সহযোগী। শিক্ষক স্বপন হত্যাকাণ্ডের পরিকল্পনায় সে জড়িত ছিল। হত্যার পূর্বে কয়েক দফা বৈঠকে জনি উপস্থিত ছিল। ঘটনাস্থলে সে উপস্থিত ছিল না বলে পুলিশকে জানায়। গ্রেফতারকৃত আপন ও শান্তনুর স্বীকারোক্তিমূলক জবানবন্দিতে স্বপন গোস্বামীর হত্যাকাণ্ডের পরিকল্পনায় জনির নাম উল্লেখ করা হয়েছে। জনিকে নিয়ে এই হত্যাকাণ্ডে গতকাল পর্যন্ত গ্রেফতারের সংখ্যা ৫-এ দাঁড়ালো। গ্রেফতারকৃত জনি সায়েন্স ল্যাবরেটরী হাইস্কুলের নবম শ্রেণীর ছাত্র এবং ধানমন্ডি সার্কুলার রোডের ৩৯/১ নম্বর ভবনের বাসিন্দা নুর আহম্মদ ভূঁইয়ার পুত্র।